নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website: www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
E-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/ হালনাগাদ তথ্য/২০২৬/২৫৮৬ ২৫ জুন ২০২৬

নোবিপ্রবি প্রশাসনের হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ, স্বাস্থ্যসেবা, ক্রীড়া, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি ও চুক্তি সম্পাদনসহ নানা বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতায় ২০১৫-২৬ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আর.এ.ডি.পি.)- তে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের ৩০ এপ্রিল ২০২৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ১৪ মে ২০২৬ বাংলাদেশ সচিবালয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালকের পক্ষে মাননীয় উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ ও সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অংশগ্রহণ করেন।

২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) স্বাধীনতার মহান ঘোষক ও শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান (বীর উত্তম) এর ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৩০ মে ২০২৬) বাদ জোহর নোবিপ্রবি কেন্দ্রীয় মসজিদে এ মিলাদ ও দোয়া অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, স্বাধীনতার মহান ঘোষক এবং বহুদলীয় গণতন্ত্রের প্রবক্তা শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি। আজ তাঁর ৪৫ তম শাহাদাতবার্ষিকী। আজকের এই দিনে আমরা তাঁর জন্য বিশেষভাবে দোয়া করবো। এ দেশ যখনই দিশেহারা হয়েছে তখনই শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং তাঁর পরিবার দেশের হাল ধরেছে। আমি শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং সাবেক সফল প্রধানমন্ত্রী মরহুমা বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনা করছি এবং বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রী জনাব তারেক রহমানের সুস্বাস্থ্য কামনা করছি।

৩. বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) মাননীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। বুধবার (০৩ জুন ২০২৬) রাজধানীর আগারগাঁওয়ে ইউজিসি কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাতকালে উপাচার্য শিক্ষা, গবেষণা, অবকাঠামো ও র‍্যাঙ্কিংয়ের ক্ষেত্রে নোবিপ্রবির বর্তমান অবস্থান তুলে ধরে বিশ্ববিদ্যালয়কে আরও এগিয়ে নিতে তাঁর সহযোগিতা প্রত্যাশা করেন। এ সময় ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে নোবিপ্রবির উন্নয়নে সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (সিএসটিই) বিভাগের শিক্ষার্থী মো. নিশাদ আহমেদ জীবন বিশ্বের অন্যতম মর্যাদাপূর্ণ বিজ্ঞানভিত্তিক প্রতিযোগিতা 'Beamline for Schools (BL4S) ২০২৬'-এ বাংলাদেশকে ঐতিহাসিক সাফল্য এনে দেওয়ায় অভিনন্দন জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। বুধবার (৩ জুন ২০২৬) এক অভিনন্দন বার্তায় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, "ইউরোপীয় পারমাণবিক গবেষণা সংস্থা (CERN) আয়োজিত 'BL4S ২০২৬' প্রতিযোগিতায় বৈশ্বিক বিজয়ী দলের কোচ হিসেবে নোবিপ্রবির সিএসটিই বিভাগের শিক্ষার্থী মো. নিশাদ আহমেদ জীবনের এই অসাধারণ অর্জন আমাদের জন্য অত্যন্ত গৌরবের। বিশ্বের ৮৯টি দেশের শত শত গবেষণা প্রস্তাবনার মধ্য থেকে বাংলাদেশের Team POLARIS-এর বিজয় আন্তর্জাতিক অঙ্গনে দেশের বিজ্ঞানচর্চা ও গবেষণা সক্ষমতার উজ্জ্বল স্বীকৃতি। এই সাফল্য শুধু নোবিপ্রবির জন্য নয়, সমগ্র বাংলাদেশের বিজ্ঞানচর্চা ও গবেষণার জন্য এক অনন্য মাইলফলক।

৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে (GST) এর প্রথম মেধা তালিকায় বিষয়প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। সোমবার (০৮ জুন ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন। পাশাপাশি তিনি ভর্তি সংক্রান্ত কাজের যথাযথ ডকুমেন্টেশনের প্রতি গুরুত্বারোপ করেন।

৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) নতুন উপ-উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম। তিনি নোবিপ্রবির ফার্মেসী বিভাগের অধ্যাপক এবং ফ্যাকাল্টি অব বায়োলজিক্যাল সায়েন্স এর ডিন হিসেবে দায়িত্ব পালন করছেন। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে নোবিপ্রবি আইন ২০০১ এর ১২(১) ধারা অনুযায়ী চার বছরের জন্য এ নিয়োগ দেয়া হয়েছে। মঙ্গলবার (৯ জুন ২০২৬) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারির পরে বিকেলে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানীর নিকট নবনিযুক্ত উপ-উপাচার্য যোগদান পত্র হস্তান্তর করেন।

৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলামকে গার্ড অব অনার প্রদান করেছে বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) নোবিপ্রবি শাখা। বুধবার (১০ জুন ২০২৬) সকালে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহিদ মিনার প্রাঙ্গনে বিএনসিসি কর্তৃক এ গার্ড অব অনার প্রদান করা হয়। শেষে শহিদ মিনারে শ্রদ্ধা নিবেদন করেন নবনিযুক্ত উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম। এ সময় নোবিপ্রবি শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: জাহাঙ্গীর সরকার, ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুল কাইয়ুম মাসুদসহ অন্যান্য অনুষদের ডিনবৃন্দ, বিভাগের চেয়ারম্যানবৃন্দ, বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ ও দপ্তরসমূহের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) হিট প্রজেক্ট শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১০ জুন ২০২৬) বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্স কক্ষে "কৃত্তিম বুদ্ধিমত্তাভিত্তিক আর্থিক প্রযুক্তির (ফিনটেক) উদ্ভাবন, বিনিয়োগ কৌশল উন্নয়ন, ঝুঁকি প্রশমন এবং পুঁজিবাজারের স্থিতিশীলতা নিশ্চিতকরণে বাজার পূর্বাভাসের ভূমিকা" বিষয়ক ওই সেমিনার আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম। সভায় সভাপতিত্ব করেন হিট প্রজেক্ট এর প্রকল্প পরিচালক অধ্যাপক ড. আবদুল কাইয়ুম মাসুদ। ডিবিএ বিভাগের সহকারী অধ্যাপক মো. রুবেল মিয়ার সঞ্চালনায় সেমিনারে উপস্থিত ছিলেন শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: জাহাঙ্গীর সরকার।

৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে "প্রেসক্লাব ফলচক্র" অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১০ জুন ২০২৬) নোবিপ্রবি প্রেস ক্লাব কর্তৃক আয়োজিত "মধুমাসের সুবাসে, মেতে উঠি উল্লাসে" প্রতিপাদ্যে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: জাহাঙ্গীর সরকার, ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুল কাইয়ুম মাসুদসহ শিক্ষক, কর্মকর্তা ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শহীদুল্লা কায়সারের সাহিত্যকর্ম বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৫ জুন ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে বাংলা বিভাগের আয়োজনে দুইদিন ব্যাপী এ সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে সেমিনার উদ্বোধন করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। সেমিনারে নোবিপ্রবির বাংলা বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন।

১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) সেলিম আল দীনের সাহিত্যকর্ম বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৬ জুন ২০২৬) সকালে বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে নোবিপ্রবি বাংলা বিভাগ ও বাংলা একাডেমির যৌথ আয়োজনে এ সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠিত হয়। এতে উদ্বোধক হিসেবে সেমিনার উদ্বোধন করেন নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম।

১২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) হিট (এটিএফ) প্রজেক্টের ইনসেপশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৬ জুন ২০২৬) বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্স কক্ষে আয়োজিত এ কর্মশালায় প্রকল্পের লক্ষ্য, কর্মপরিকল্পনা, গবেষণার সম্ভাবনা এবং প্রত্যাশিত ফলাফল নিয়ে আলোচনা করা হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) হিট (এটিএফ) সাব-প্রজেক্টের আওতায় হিলশা পপুলেশন বৃদ্ধি সংক্রান্ত প্রজেক্টের ইনসেপশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৮ জুন ২০২৬) সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্স কক্ষে "এসেসমেন্ট অব মাইগ্রেটরি প্যাটার্ন, ফুড হ্যাবিট এন্ড থার্মাল অ্যাডাপটেশন অব হিলশা পপুলেশনস্ ইন ভ্যারিয়াস একোয়াটিক হ্যাবিট্যাটস্ ইউজিং অটোলিথ মাইক্রোকেমিস্ট্রি এন্ড মেটাজিনোম এনালাইসিস টু প্রমোট সাসটেইনেবল প্রোডাকশন এন্ড রিসোর্স কনজারভেশন" শীর্ষক প্রকল্পের কর্মশালা অনুষ্ঠিত হয়। ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগ আয়োজিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

১৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) "ডি-নথি" বিষয়ক প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৫ জুন ২০২৬) বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (সিএসটিই) বিভাগের ল্যাব রুমে ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এ উদ্বোধন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষণের উদ্বোধন করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। প্রশিক্ষণে নোবিপ্রবির বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

১৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানীর সঙ্গে নোয়াখালী এবং বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রিন্ট এবং ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৮ জুন ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে নবনিযুক্ত উপাচার্যের সঙ্গে মতবিনিময় এবং আসন্ন বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন উপলক্ষে সাংবাদিকদের মূল্যবান পরামর্শ গ্রহণের লক্ষ্যে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

১৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) আউটকাম-বেইজড এডুকেশন (ওবিই) ইমপ্লিমেন্টেশন, এসেসমেন্ট এন্ড অ্যাক্রেডিটেশন" শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৮ জুন ২০২৬) সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

১৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ফার্মেসী বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম হোসেন Pamukkale Universit তে অনুষ্ঠিতব্য Turkiye Erasmus+K171 Staff Teaching Mobility Program এ অংশগ্রহনের জন্য মনোনীত হয়েছেন।

১৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষা প্রশাসন বিভাগের প্রভাষক জনাব মো: মোকাররম হোসেন ও জনাব মো: মিনহাজুল আবেদীন চায়নায় অনুষ্ঠিতব্য "2026 Bangladesh Youth Leaders Delegation to visit China" প্রোগ্রামের জন্য মনোনীত হয়েছেন।

১৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) হিট (এটিএফ) প্রজেক্টের ইনসেপশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। রোববার (২১ জুন ২০২৬) সকালে বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্স কক্ষে "কমপ্রিহেনসিভ মডার্নাইজেশন এন্ড স্ট্যান্ডার্ডাইজেশন অব এডুকেশনাল এন্ড রিসার্চ ইনফ্রাস্ট্রাকচার টু স্ট্রেংদেন টিচিং এন্ড লার্নিং অ্যাট দ্য ডিপার্টমেন্ট অব ফার্মেসী, নোয়াখালী সায়েন্স এন্ড টেকনোলজি ইউনিভার্সিটি" শীর্ষক এ কর্মশালা অনুষ্ঠিত হয়। নোবিপ্রবি ফার্মেসী বিভাগ আয়োজিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

২০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বর্ণাঢ্য আয়োজনে ২০তম বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন, ডিনস অ্যাওয়ার্ড ও ভাইস-চ্যান্সেলর অ্যাওয়ার্ড-২০২৬ প্রদান অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২২ জুন ২০২৬) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানমালার উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোয়াখালী-৪ আসনের মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব মো. শাহজাহান (এমপি), নোয়াখালী-৫ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মোহাম্মদ ফখরুল ইসলাম (এমপি), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ এবং নোবিপ্রবির উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

২১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) আন্তর্জাতিক অঙ্গনে আরেকটি গুরুত্বপূর্ণ সাফল্য অর্জন করেছে। যুক্তরাজ্যভিত্তিক উচ্চশিক্ষা বিষয়ক সাময়িকী টাইমস হায়ার এডুকেশন (THE) প্রকাশিত ইমপ্যাক্ট র‍্যাঙ্কিং ২০২৬-এ বিশ্ববিদ্যালয়টি বৈশ্বিকভাবে ৪০১-৬০০ ব্যান্ডে, দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে যৌথভাবে ১ম এবং সকল বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথভাবে ৩য় স্থান লাভ করেছে। বুধবার (২৪ জুন ২০২৬) প্রকাশিত এ র‍্যাঙ্কিংয়ে নোবিপ্রবি গত বছরের তুলনায় প্রায় ৮০০ ধাপ এগিয়ে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে।

২২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষার্থীদের অংশগ্রহণে মাস্টার প্ল্যান প্রণয়ন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৪ জুন ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে 'নোবিপ্রবি'র অধিকতর উন্নয়নে সম্ভাব্যতা সমীক্ষা ও মাস্টার প্ল্যান প্রণয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় মাস্টার প্ল্যান প্রণয়নের লক্ষ্যে এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

২৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) অর্থনীতি বিভাগের আয়োজনে হিট (এটিএফ) সাব-প্রজেক্টের ইনসেপশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৪ জুন ২০২৬) বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্স কক্ষে "এসেসিং দ্য ইমপ্যাক্ট অব এনভায়রনমেন্টাল ফ্যাক্টরস, ইনস্টিটিউশনাল কোয়ালিটি এন্ড অ্যাডপশন অব ক্লাইমেট রেজিলিয়েন্স ক্রপিং অন ফুড সিকিউরিটি, নিউট্রিশন এন্ড পোভার্টি এলেভিয়েশন ইন বাংলাদেশ'স কোস্টাল বেল্ট: ইনসাইটস ফ্রম দ্য র‍্যান্ডম কন্ট্রোল ট্রায়াল (আরসিটি) অ্যাপ্রোচ" শীর্ষক এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

২৪. নোয়াখালী সাংবাদিক ইউনিয়নের আয়োজনে 'ফল উৎসব-২০২৬' অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৪ জুন ২০২৬) সকালে নোয়াখালী প্রেস ক্লাবে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় নোয়াখালী প্রেস ক্লাবের সাংবাদিকবৃন্দ সহ গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪